# BANGLADESH TRADE FACILITATION









LAND O'LAKES VENTURE37

মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের কৃষি বিষয়ক সংস্থা ইউএসডিএ এর অর্থায়নে পাঁচ বছর মেয়াদী বাংলাদেশ ট্রেড ফ্যাসিলিটেশন প্রকল্প বাংলাদেশে কৃষিজাত পণ্যের আন্তর্জাতিক বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে নীতিকাঠামো সংস্কারকরণ, কার্যোপকরণ সরবরাহ, কারিগরি ও প্রযুক্তিগত সহায়তা প্রদানের মাধ্যমে পরিচালন সক্ষমতা অর্জনে সহায়তা করছে।

প্রকল্পটির অন্যতম উন্নয়ন লক্ষ্য হলো বিশ্ববাণিজ্য সংস্থার ট্রেড ফ্যাসিলিটেশন চুক্তির ক্যাটাগরি "সি" এর আওতাভুক্ত কার্যক্রম, বিশেষতঃ কৃষিজাত পণ্যের আমদানি-রপ্তানি সংক্রান্ত ইলেক্ট্রনিক সেবা প্রদান; ঝুঁকি-নির্ভর পণ্য খালাস ব্যবস্থাপনার উন্নয়ন; ল্যাবরেটরি এবং টেস্টিং প্রক্রিয়ার উন্নয়ন; নোটিফিকেশন; এবং পচনশীল পণ্য খালাসের ক্ষেত্রে কোল্ড চেইন ব্যবস্থাপনার উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি এবং সম্প্রসারণের জন্য কারিগরি সহযোগিতা প্রদান করা।

বাংলাদেশ ট্রেড ফ্যাসিলিটেশন প্রকল্প মূলত বাংলাদেশি বন্দরগুলোতে কৃষি বাণিজ্যের পদ্ধতিগত সীমাবদ্ধতা মোকাবেলা; আমদানি-রপ্তানি প্রক্রিয়া সহজতর এবং স্বয়ংক্রিয়করণ; সরকারি সংস্থার দক্ষতা বৃদ্ধি; এবং কৃষিজাত পণ্য সংরক্ষণের জন্য অবকাঠামো খাতে, বিশেষভাবে হিমাগার উন্নয়নে সরকারি-বেসরকারি বিনিয়োগ উৎসাহিত করে কৃষিজাত পণ্যের আঞ্চলিক ও আন্তর্জাতিক বাণিজ্য বিস্তৃতকরণে সহায়তা করে যাচ্ছে।



## প্রকল্পের প্রত্যাশিত গুরুত্বপূর্ণ ফলাফল

- কৃষি পণ্যের আন্তর্জাতিক বাণিজ্যের খরচ হ্রাস পাবে।
- কৃষি বাণিজ্য পরিচালনার ক্ষেত্রে পণ্য ছাড়করণের সময় কমিয়ে আনবে।
- আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে বাংলাদেশে পরিচালিত প্রক্রিয়ার স্বচ্ছতা বৃদ্ধি পাওয়া সহ আমদানি ও রপ্তানি প্রক্রিয়া অধিকতর দক্ষ এবং স্বয়ংক্রিয় হবে।
- বেসরকারি খাতের অংশগ্রহণের মাধ্যমে হিমাগার অবকাঠামোর অধিকতর উন্নয়ন সম্ভবপর হবে।

প্রকল্প মেয়াদ: **অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ - সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ**
প্রকল্প ব্যয়: **প্রায় ২০.৮ মিলিয়ন মার্কিন ডলার**

আমেরিকার জনগণের সহায়তায় অর্থায়নকৃতঃ মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের কৃষি বিষয়ক সংস্থা (ইউএসডিএ) ফরেন এগ্রিকালচারাল সার্ভিস, ফুড ফর প্রোগ্রেস ২০২০

https://www.fas.usda.gov/programs/food-progress

বাস্তবায়নে : LAND O'LAKES VENTURE37

www.landolakesventure37.com

# প্রকল্পের কার্যক্রম

## ১

### কৃষি খাতের আন্তর্জাতিক বাণিজ্যের প্রক্রিয়া, আনুষ্ঠানিকতা এবং প্রাক-ছাড়করণের ক্ষেত্রে সামঞ্জস্য বৃদ্ধিকরণ

- কৃষির আন্তর্জাতিক বাণিজ্য প্রক্রিয়া নিয়ন্ত্রণকারী দেশীয় আইন, নীতি, এবং স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি (এসওপি) হালনাগাদকরণের মাধ্যমে প্রক্রিয়াগত সংস্কারকরণ এবং গুরুত্বপূর্ণ পণ্যসমূহের জন্য আমদানি ও রপ্তানি নির্দেশনা প্রস্তুতকরণ
- কৃষিজাত পণ্য আমদানি-রপ্তানির সাথে সম্পর্কিত সনদ/অনাপত্তি পত্র/অনুমতি পত্র/লাইসেন্স জারিতে অনলাইন পদ্ধতি প্রতিষ্ঠাকরণ
- 'কৃষিজাত পন্য ছাড়করণ সময়' সংক্রান্ত সমীক্ষা (টাইম রিলিজ স্টাডি) পরিচালনা করা

## ২

### বাণিজ্য সংশ্লিষ্ট সামগ্রিক তথ্য সরবরাহের ক্ষেত্রে স্বচ্ছতা বৃদ্ধি এবং ডব্লিউটিও নোটিফিকেশন পদ্ধতির আধুনিকায়ন

- বাংলাদেশ ট্রেড পোর্টাল এবং বাংলাদেশ কাস্টমস পোর্টালে অন্তর্ভুক্তির জন্য যথাক্রমে 'কৃষিজাত পণ্য বাণিজ্য' এবং 'কৃষিজাত পণ্য ছাড়করণ' শীর্ষক পৃথক তথ্য ভান্ডার প্রস্তুতকরণ এবং পোর্টালে অন্তর্ভুক্তি
- কৃষি বাণিজ্য সম্পর্কিত দেশীয় সংস্থাসমূহ, বেসরকারি খাত এবং জাতীয় পর্যায়ে প্রতিষ্ঠিত পোর্টাল/অনুসন্ধান কেন্দ্রের মধ্যে সমন্বয় নিশ্চিতকরণের লক্ষ্যে কাঠামোগত উন্নয়ন এবং সমন্বয়মূলক কার্যক্রম গ্রহণে সহায়তা প্রদান
- স্যানিটারি ও ফাইটো-স্যানিটারি (এসপিএস) এবং টেকনিক্যাল ব্যারিয়ার টু ট্রেড (টিবিটি) বিষয়ে জাতীয় পর্যায়ে প্রতিষ্ঠিত ন্যাশনাল ইনকোয়ারি পয়েন্ট (এনইপি) ফর ট্রেডিং এর সক্ষমতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে সমন্বয় সাধনে সহায়তা প্রদান

## ৩

### ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামো শক্তিশালীকরণ

- কৃষি বাণিজ্য সংশ্লিষ্ট সংস্থাসমূহে 'ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট' (আরএমইউ) প্রতিষ্ঠাকরণ
- কৃষি বাণিজ্য সংশ্লিষ্ট সংস্থাসমূহের আইনি কাঠামোর সংস্কার এবং সরকারি-বেসরকারি সংস্থার ঝুঁকি ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধিতে সহায়তা প্রদান
- ঝুঁকি ব্যবস্থাপনার জন্য তথ্য-প্রযুক্তিভিত্তিক অবকাঠামো প্রতিষ্ঠায় সহায়তা প্রদান

## ৪

### পরীক্ষাগার এবং পরীক্ষা পদ্ধতির উন্নয়ন

- পণ্য পরীক্ষার প্রতিবেদন এবং সনদ বাংলাদেশ কাস্টমস এ প্রেরণের জন্য স্বয়ংক্রিয় পদ্ধতি প্রবর্তনের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য-প্রযুক্তিভিত্তিক অবকাঠামো প্রতিষ্ঠা
- আইএসও ১৭০২৫ মান বাস্তবায়ন এবং স্বীকৃতির জন্য পণ্য পরীক্ষাগার স্থাপনা এবং সনদ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধিকরণ
- আমদানি-রপ্তানির ক্ষেত্রে পণ্য পরীক্ষার জন্য নমুনায়ন পদ্ধতির উন্নয়ন

## ৫

### পচনশীল পণ্যের জন্য হিমাগার সংশ্লিষ্ট অবকাঠামো উন্নয়ন

- হিমাগার প্রতিষ্ঠা ও ব্যবস্থাপনার জন্য প্রাতিষ্ঠানিক এবং আইনি কাঠামোর উন্নয়ন
- হিমাগার পদ্ধতির দক্ষ এবং কার্যকর পরিচালনা এবং ব্যবহার নিশ্চিতকরণের জন্য স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) এবং ম্যানুয়াল প্রস্তুতকরণ
- বিনিয়োগ উপযোগী পরিবেশ তৈরি এবং সহায়তার মাধ্যমে হিমাগার খাতে বিনিয়োগ আনয়ন

## Partner Organizations

Ministry of Commerce

National Board of Revenue, Bangladesh
জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ

## Implementing Organizations

LAND O'LAKES VENTURE37

LIXCAP ADVISORY & CAPITAL

GLOBAL COLD CHAIN ALLIANCE®

বন্দর কর্তৃপক্ষ, কৃষি ও খাদ্যপণ্য আমদানি-রপ্তানি, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন খাতের সাথে জড়িত ব্যবসায়ী ও শিল্প সংশিষ্ট সংগঠনের সাথে বিটিএফ প্রকল্প যৌথভাবে কাজ করছে।


যোগাযোগঃ

**বাংলাদেশ ট্রেড ফ্যাসিলিটেশন প্রকল্প**

কনকর্ড বিলকিস টাওয়ার (৪র্থ তলা), ৪০/৬ মাদানী এভিনিউ, গুলশান-২, ঢাকা ১২১২।

Website: www.landolakesventure37.com | https://btfproject.org

Facebook: https://www.facebook.com/USDABTF